

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা

স্মারক নং-৪৭.৬৩.০০০০.০৪১.১১.০১১.১৫/১৬২০

তারিখঃ ১৫/০৫/২০১৭
৩০/০৮/২০১৭

পিএইচডি, এম ফিল এবং প্রফেশনাল গবেষণা ফেলোশীপ- এর জন্য গবেষণা প্রস্তাবনা আহ্বান

চলতি ২০১৭-১৮ অর্থবছরে “বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী উচ্চতর শিক্ষা ও গবেষণা ফেলোশীপ” এর আওতায় নিম্নোক্ত বিষয়বস্তু (Theme)- এর উপর গবেষণা প্রস্তাবনা আহ্বান করা হলোঃ

স্থানীয় সরকার, মাঠ প্রশাসন ও সুশাসন

- স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ
- স্থানীয় পর্যায়ে সুশাসন
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সেবার মান
- স্থানীয় পর্যায়ে পরিকল্পনা ও প্রকল্প ব্যবস্থাপনা
- স্থানীয় সরকার ব্যবস্থায় জনগণের অংশগ্রহণ ও নেতৃত্বের বিকাশ
- গ্রামীণ অবকাঠামো উন্নয়ন
- উন্নয়ন প্রশাসন
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়সমূহ

কৃষি, পরিবেশ, জলবায়ু পরিবর্তন, টেকসই উন্নয়ন ও দুর্যোগ ব্যবস্থাপনা

- কৃষি উৎপাদনে জলবায়ু পরিবর্তনের প্রভাব
- স্থানীয় পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা
- জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলায় কৃষকদের গৃহীত ব্যবস্থা
- মৎস্য চাষ, পশুপালন ও হাঁস-মুরগি পালনের মাধ্যমে গ্রামীণ দারিদ্র্য বিমোচন
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াবলি

প্রশিক্ষণ, প্রকল্প ও প্রশাসন

- সরকারের গৃহীত উন্নয়ন কর্মসূচি/প্রকল্প মূল্যায়ন
- পল্লী এলাকার মানব সম্পদ উন্নয়ন
- প্রশিক্ষণ চাহিদা নিরূপণ এবং প্রশিক্ষণের ফলপ্রসূতা মূল্যায়ন
- প্রকল্প ব্যবস্থাপনা
- উন্নয়ন যোগাযোগ এবং আইসিটি
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াবলি

পল্লী অর্থনীতি ও ব্যবসা ব্যবস্থাপনা

- সামাজিক সুরক্ষা জাল (Social Safety Net)
- কৃষি উৎপাদন
- গ্রামীণ শিল্পায়ণ ও কুটির শিল্প
- পল্লী দারিদ্র্য বিমোচন
- সমবায়
- ক্ষুদ্রঋণ
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াবলি

পল্লী শিক্ষা, স্বাস্থ্য ও সমাজ উন্নয়ন

- পল্লী এলাকায় শিক্ষার উন্নয়ন
- নারীর ক্ষমতায়ন
- ছিটমহলাবাসির আর্থ-সামাজিক উন্নয়ন
- উপকূলীয়/পার্বত্য এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন
- গ্রামীণ স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি উন্নয়ন
- গ্রামীণ যুব উন্নয়ন
- সামাজিক পরিবর্তন
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াবলি

উল্লেখ্য যে নিম্নোক্ত ৩ শ্রেণির ব্যক্তিবর্গ/আবেদনকারীগণ উপরে বর্ণিত ফেলোশীপের জন্য আবেদন করতে পারবেনঃ


ক) প্রফেশনাল গবেষণা ফেলোশীপঃ দেশের পল্লী অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে প্রবীণ ও তরুণ গবেষকদের অগ্রহ সৃষ্টি এবং এ ধরনের গবেষণায় তাঁদের চিন্তা শক্তির বিকাশের মাধ্যমে অবদান রাখার লক্ষ্যে এ ফেলোশীপ প্রদান করা হবে। গবেষণার সর্বোচ্চ মঞ্জুরির পরিমাণ ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা। একক অথবা দলীয়ভাবে গবেষণা প্রস্তাবনা দাখিল করা যাবে। গবেষণা সম্পন্ন করার সর্বোচ্চ সময়সীমা ০১ (এক) বছর।

খ) এম. ফিল গবেষণা ফেলোশীপঃ বাংলাদেশ পল্লী উন্নয়নের সাথে সম্পর্কিত বিষয়ে যারা ইতোমধ্যেই বাংলাদেশের স্বীকৃত কোন প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে এম. ফিল রেজিস্ট্রেশন করেছেন এবং উপযুক্ত কর্তৃপক্ষ/গাইড/তত্ত্বাবধায়ক এর তত্ত্বাবধানে সক্রিয়ভাবে এম. ফিল গবেষণায় নিযুক্ত রয়েছেন বা এরূপ ডিগ্রী অর্জনে জড়িত হতে যাচ্ছেন তাঁরা এ ফেলোশীপের জন্য আবেদন করতে পারবেন। ফেলোশীপের পরিমাণ সর্বোচ্চ ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা। কলেজ/বিশ্ববিদ্যালয়ের তরুণ শিক্ষক, সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-সরকারি প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাগণকে এ ফেলোশীপের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। গবেষণা সম্পন্ন করার সর্বোচ্চ সময়সীমা ০২ (দুই) বছর।

গ) পি. এইচ. ডি গবেষণা ফেলোশীপঃ বাংলাদেশ পল্লী উন্নয়নের সাথে সম্পর্কিত বিষয়ে যারা ইতোমধ্যেই বাংলাদেশের স্বীকৃত কোন প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে পি.এইচ.ডি রেজিস্ট্রেশন করেছেন এবং উপযুক্ত কর্তৃপক্ষ/গাইড/তত্ত্বাবধায়ক এর তত্ত্বাবধানে সক্রিয়ভাবে পি.এইচ.ডি গবেষণায় নিযুক্ত রয়েছেন বা এরূপ ডিগ্রী অর্জনে জড়িত হতে যাচ্ছেন তাঁরা এ ফেলোশীপের জন্য আবেদন করতে পারবেন। ফেলোশীপের পরিমাণ সর্বোচ্চ ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা। কলেজ/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-সরকারি প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাগণকে এ ফেলোশীপের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। গবেষণা সম্পন্ন করার সর্বোচ্চ সময়সীমা ০৩ (তিন) বছর।

অন্যান্য জ্ঞাতব্য বিষয়ঃ

- ক) আবেদনকারীকে নির্ধারিত ছকে গবেষণা প্রস্তাবনা দাখিল করতে হবে।
- খ) উল্লিখিত বিষয়সমূহ ছাড়াও দেশের আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপটে পল্লী উন্নয়নের সাথে সংশ্লিষ্ট অন্যান্য ক্ষেত্রসমূহের উপরও গবেষণা প্রস্তাবনা দাখিল করা যাবে।
- গ) উচ্চতর উচ্চশিক্ষা ও গবেষণা ফেলোশীপ নীতিমালা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।
- ঘ) অগ্রহী গবেষকগণ/ফেলোশীপ আবেদনকারীগণ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী উচ্চতর শিক্ষা ও গবেষণা ফেলোশীপ সংক্রান্ত নীতিমালাটি বার্ডের website (www.bard.gov.bd) থেকে Download করতে পারবেন।
- ঙ) প্রাপ্ত প্রস্তাবনাসমূহ নির্ধারিত কমিটি কর্তৃক যাচাই-বাহাই এর পর চূড়ান্তভাবে ফেলো/গবেষক নির্বাচন করা হবে।
- চ) উচ্চতর উচ্চশিক্ষা ও গবেষণা ফেলোশীপ-এর জন্য নির্ধারিত ছকে সম্পূর্ণ আবেদনের শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর ২০১৭ইং। নির্ধারিত তারিখের পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- ছ) উক্ত ফেলোশীপ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বার্ড কর্তৃপক্ষ সার্বক্ষণ করেন।

 ২২/৮/১৭

(ড. কামরুল আহসান)

পরিচালক (গবেষণা)

বার্ড, কুমিল্লা

ফোনঃ ০৮১-৬০৬০৮

ই-মেইলঃ kamrul_61@yahoo.com